

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
প্রশাসন-২ শাখা  
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৪২.০৮.০০৪.২২-৪১৭

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১  
০২ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: জনাব সৈকত রায়, উপ-বিভাগীয় প্রকৌশলী, দোহাজারী-কালিয়াইশ ১০০ মে.ও. পিকিং বিদ্যুৎকেন্দ্র, বাবিউবো, চট্টগ্রাম এর শিক্ষা মঞ্জুর।


সূত্র: বাবিউবো'র পত্র নং- ২৭.১১.০০০০.২১০.১১.৬৫০.১৭-২৯৪, তারিখ: ০৮-০৮-২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, জনাব সৈকত রায় (পরিচিতি নং-১-০২২৩৯), উপ বিভাগীয় প্রকৌশলী, দোহাজারী-কালিয়াইশ ১০০ মে.ও. পিকিং বিদ্যুৎকেন্দ্র, বাবিউবো, চট্টগ্রাম-কে Memorial University of Newfoundland, Canada-তে Faculty of Engineering & Applied Science এর অধীনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের Fall Semester এর Master of Applied Science (MASc) in Energy Systems Engineering প্রোগ্রামে অধ্যয়নের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরি বিধিমালা ১৯৮২ এর ৫০(১) নং বিধি অনুযায়ী ২৫-০৮-২০২৪ হতে ২৪-০৮-২০২৫ তারিখ পর্যন্ত অর্ধগড় বেতনে ১ (এক) বছর এবং ৫০(৪) নং বিধি অনুযায়ী ২৫-০৮-২০২৫ হতে ২৪-০৮-২০২৬ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে ০১ (এক) বছরসহ মোট ০২ (দুই) বছর অথবা বাবিউবো কর্তৃক অব্যাহতির তারিখ হতে তাঁকে প্রথম ১ (এক) বছর অর্ধগড় বেতনে এবং উক্ত অর্ধগড় বেতনের ছুটি শেষ হওয়ার পরদিন থেকে পরবর্তী ০১ (এক) বছর বিনা বেতনে অসাধারণ ছুটিসহ সর্বমোট ০২ (দুই) বছর শিক্ষাছুটি (Study Leave) মঞ্জুর করা হলো:

শর্তাবলী:

- অনুমোদিত সময়ের অতিরিক্ত বিদেশে অবস্থান করা যাবে না।
- বর্ণিত প্রোগ্রামে অধ্যয়ন ও ভ্রমণে বাংলাদেশ সরকার/বাবিউবো'র কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- বর্ণিত প্রোগ্রাম শেষে তিনি মূল কর্মস্থলে নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
০২.০৯.২০২৪

বি.এম রুহুল আমিন রিমন  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নং-২২৩৩৮৮০৫৯  
admin-2@pd.gov.bd

চেয়ারম্যান


বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

নং-২৭.০০.০০০০.০৪২.০৮.০০৪.২২-৪১৭

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১  
০২ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি:

- সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রোগ্রামার, আইসিটি শাখা, বিদ্যুৎ বিভাগ, ঢাকা (website-এ প্রকাশের অনুরোধসহ)।
- জনাব সৈকত রায়, উপ-বিভাগীয় প্রকৌশলী, দোহাজারী-কালিয়াইশ ১০০ মে.ও. পিকিং বিদ্যুৎকেন্দ্র, বাবিউবো, চট্টগ্রাম।
- অফিস/মাস্টার কপি।

  
০২.০৯.২০২৪

বি.এম রুহুল আমিন রিমন  
সিনিয়র সহকারী সচিব